

**স্বরূপনগর পঞ্চায়েত সমিতি**  
**স্বরূপনগর উত্তর ২৪ পরগনা**  
**পিন নং ৭৪৩২৮৬**

Phone / Fax : (03217) 253-369 : Email : [bdoswarupnagar@gmail.com](mailto:bdoswarupnagar@gmail.com)

**Online বিক্রি (e-Auction)**

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, বসিরহাট মহকুমায় অবস্থিত স্বরূপনগর পঞ্চায়েত সমিতির (উত্তর ২৪ পরগনা) নিম্নলিখিত ফেরী ঘাট ইজারা দেবার উদ্দেশ্যে আগামী তারিখ 01/03/2024 সকাল 11.30 হইতে 07/03/2024 তারিখ বেলা 11.30 পর্যন্ত online-এ অর্থাৎ P&RD Web-Site-এ অর্থাৎ <http://etender.wb.nic.in> এর মাধ্যমে দরপত্র জমা দেওয়া যাবে।

[www.wbtenders.gov.in](http://www.wbtenders.gov.in)

**সম্পত্তি বন্দোবস্তের শর্তাবলী**

নিম্নলিখিত সম্পত্তি বন্দোবস্তের অংশ গ্রহণ কারিকে স্বরূপনগর পঞ্চায়েত সমিতি-তে পূর্বেই নির্দিষ্ট টাকা বায়না (Earnest Money) হিসাব জমা রাখতে হবে যাহা নিম্নরূপ-

ক্রমিক সংখ্যা	ঘাটের নামের তালিকা	সর্বনিম্ন নীলামের টাকার পরিমাণ	অগ্রিম প্রদেয় আমানত অর্থ (Earnest Money)	ডাকের ব্যবধান	মেয়াদের সময়-সূচী
১	টিপি ফেরিঘাট	৮,০০,০০০ টাকা	১,০০,০০০ টাকা	৬,০০০ টাকা	০১/০৩/২০২৪ হইতে ০৭/০৩/২০২৪

**বিলামে অংশগ্রহণ করা অসফল ব্যক্তি পরবর্তী কালে এই অর্থ ফেরৎ পাবে (শর্তসাপেক্ষ)**

- স্বরূপনগর পঞ্চায়েত সমিতির সদস্য/ সদস্যারা এই নীলামে অংশগ্রহণ করতে পারবেন না। স্বরূপনগর পঞ্চায়েত সমিতির কর্মচারীরা স্বরূপনগর পঞ্চায়েত সমিতির হয়ে কাজ করেন এমন সরকারী কর্মচারী ও তাদের পরিবারের কেউ এই নীলামে অংশগ্রহণ করতে পারবেন না। পূর্বে এই স্থিতি বন্দোবস্ত নিয়েছেন এমন কোন ব্যক্তি যদি পঞ্চায়েত সমিতির প্রাপ্য অর্থ বাকী রাখেন তবে তিনি বা তার পরিবারের কোন সদস্যরা এই নীলামে অংশগ্রহণ করতে পারবেন না।
- আমানত অর্থ (Earnest Money) পঞ্চায়েত সমিতির নির্দিষ্ট Account-এ আগামী ০১/০৩/২০২৪ থেকে ০৭/০৩/২০২৪ এর মধ্যে জমা দিতে হবে। যার নামে অর্থ জমা হবে, কেবলমাত্র তিনিই নীলামে অংশগ্রহণ করতে পারবেন।
- ই-নীলামের সর্বোচ্চ দরপত্রদারিকে প্রতিশ্রুত অর্থ পঞ্চায়েত সমিতিতে নির্দিষ্ট Account-এ নির্বাহী আধিকারিকের অনুকূলে জমা দিতে হইবে।
- পঞ্চায়েত সমিতির নির্ধারিত নিয়মাবলী না মানলে ইজারা বাতিল করে দেওয়ার ক্ষমতা পঞ্চায়েত সমিতির থাকবে।
- ইজারাদার ঘাট পারাপারের ক্ষেত্রে যাত্রী সাধারণের নিরাপত্তার ব্যবস্থা সুনিশ্চিত করবেন এবং এক্ষেত্রে সম্পূর্ণভাবে দায়বদ্ধ থাকবেন।
- জনস্বার্থ ও প্রয়োজনে এ বিজ্ঞপ্তি লিখিত যে কোন শর্ত রদ বদল/বাতিল করার ক্ষমতা এবং নতুন শর্ত আরোপ করার অধিকার পঞ্চায়েত সমিতির থাকিবে।

৭. উপযুক্ত প্রমাণাদি ও পরিচয়পত্র সাপেক্ষে কেন্দ্রীয় সরকারী কর্মচারী এবং রাজ্য সরকারী কর্মচারীদের (ত্রিস্তরের যে কোন স্তরের এবং বি.ডি.ও অফিসের কর্মচারীদের) সাংসদ ও বিধায়ক এবং পঞ্চায়েত সমিতির বা পঞ্চায়েতের সদস্য/সদস্যদের (ত্রিস্তরের যে কোন স্তরের) কাছ থেকে থেয়া পারাপারের জন্য অর্থ নেওয়া যাবে না। পুলিশ যদি কোন আসামি/কয়েদিকে সঙ্গে নিয়ে যায় তার ভাড়া নেওয়া যাবে না। বিচার বিভাগের সঙ্গে যুক্ত কর্মচারীদের কাছ থেকে পারানীর অর্থ নেওয়া যাবে না।

৮. ইজারার মেয়াদের মধ্যে ইজারাদার মারা গেলে আইন সম্মত উত্তরাধিকারী যৌথ ভাবে মেয়াদের বাকী অংশ ইজারা পেয়ে ফেরিঘাট চালাতে পারবেন। তবে এক্ষেত্রে পঞ্চায়েত সমিতির অনুমোদন লাগবে।

৯. ফেরিঘাট ডাক সর্ব স্তরের সাধারণ মানুষ বা যে কোন সংস্থা অংশ গ্রহণ করতে পারবেন।

১০. ই-নীলামে অংশগ্রহণকারী সব পক্ষকে দরপত্রের সাথে অগ্রিম আমানত অর্থ (Earnest Money) পঞ্চায়েত সমিতির নির্দিষ্ট Account-এ জমা করতে হবে। দরপত্র খোলার ১ দিনের মধ্যে সর্বোচ্চ দর প্রদানকারীকে নগদে/ডিমান্ড ড্রাফট-এ প্রদত্ত দরের অর্থ পঞ্চায়েত সমিতির ক্যাশ বিভাগে জমা করতে হবে। অন্যথায় সর্বোচ্চ দর প্রদানকারীর প্রদত্ত অগ্রিম আমানত অর্থ (Earnest Money) বাজেয়াপ্ত করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দর প্রদানকারীকে সুযোগ দেওয়া হবে। দ্বিতীয় সর্বোচ্চ দর প্রদানকারী-এ ক্ষেত্রে ১ দিনের মধ্যে অর্থ প্রদানে ব্যর্থ হলে একইভাবে অগ্রিম আমানত অর্থ (Earnest Money) বাজেয়াপ্ত করা হবে। এক্ষেত্রে পঞ্চায়েত সমিতি পুনরায় ঘাট নিলামের ব্যবস্থা গ্রহণ করবে।

১১. পঞ্চায়েত সমিতির নির্ধারিত নিয়মাবলী না মানলে ইজারা বাতিল করে দেওয়ার ক্ষমতা পঞ্চায়েত সমিতির থাকবে।

১২. জনস্বার্থে ও প্রয়োজনে এই বিজ্ঞপ্তিতে লিখিত যে কোন শর্ত রদবদল/বাতিল করার ক্ষমতা পঞ্চায়েত সমিতির থাকবে।

১৩. নির্দিষ্ট টাকা বায়না ( Earnest Money ) হিসাব জমা রাখতে হবে এই Account No. 50117530808 Indian Bank, Swarupnagar, IFSC Code IDIB000S811

স্মারক সংখ্যা - ৭৪/PS

তারিখ- ২৭.০২.২০২৫

অনুলিপি অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হইল -

১. মাননীয় জেলা শাসক, বারাসাত, উত্তর ২৪ পরগণা।
২. মাননীয় মহকুমাশাসক, বসিরহাট, উত্তর ২৪ পরগণা।
৩. প্রধান \_\_\_\_\_ গ্রাম পঞ্চায়েত।
৪. ব্লক ভূমি সংস্কার আধিকারিক, স্বরূপনগর।
৫. পোস্ট অফিস স্বরূপনগর।
৬. ভারপ্রাপ্ত আধিকারিক, স্বরূপনগর থানা।
৭. কৃষি সম্প্রসারণ ও উন্নয়ন আধিকারিক, স্বরূপনগর।
৮. বি.ডি.ও. অফিস নোটিস বোর্ড/পঞ্চায়েত সমিতি নোটিস বোর্ড।

  
সভাপতি

স্বরূপনগর পঞ্চায়েত সমিতি

  
২৭/০২/২৫  
নির্বাহী আধিকারিক

স্বরূপনগর পঞ্চায়েত সমিতি